

আবেদনের শর্তাবলীঃ

শর্ত-১ : (ক) অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পিতা ও মাতা বা পিতা অথবা মাতা যে কোন একজনকে জন্মসূত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। তুলনামূলকভাবে গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদেরকে বৃত্তি প্রদান করা হবে।

(খ) মাধ্যমিক (প্রতিবন্ধী)/উচ্চ মাধ্যমিক/সমমান স্তর হতে স্নাতোকোত্তর/সমমান স্তরে ২০১৮ সাল পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষায় পাশকৃত ছাত্রছাত্রীগণ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

শর্ত-২ : সাধারণ শিক্ষার্থীদের ক্ষেত্রে :

(ক) উচ্চ মাধ্যমিক/সমমান স্তর হতে স্নাতোকোত্তর/সমমান স্তরে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে নবম/দশম শ্রেণী স্তর হতে স্নাতোকোত্তর/সমমান স্তরে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

(খ) এইচ.এস.সি/এইচ.এস.সি (ভোক)/এইচ.এস.সি (বিএম)/এইচ.এস.সি (পলিটেকনিক্যাল) পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় নূন্যতম পক্ষে জিপিএ ৫.০০ থাকতে হবে।

(গ) স্নাতক/ফায়িল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় এস.এস.সি. ও এইচ.এস.সি এর মধ্যে ১টিতে জিপিএ ৫.০০ এবং ১টিতে জিপিএ ৪.০০ থাকতে হবে।

(ঘ) স্নাতকোত্তর/কামিল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের স্নাতক/সমমানের পরীক্ষায় জিপিএ ৩.০০ থাকতে হবে। তবে এস.এস.সিতে জিপিএ ৫.০০ ও এইচ.এস.সি পর্যায়ে জিপিএ ৪.০০ এর নীচে গ্রহণযোগ্য হবে না।

(ঙ) এম.বি.বি.এস ও বি.এস.সি. ইঞ্জিনিয়ারিংএ অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে এস.এস.সি ও এইচ.এস.সি এর মধ্যে ১টিতে জিপিএ ৫.০০ এবং ০১টিতে জিপিএ ৪.০০ থাকতে হবে।

শর্ত-৩ : প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের ক্ষেত্রে পরীক্ষার ফলাফলের উল্লেখিত শর্ত প্রযোজ্য হবে না।

শর্ত-৪ : আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়স্ক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

শর্ত-৫ : মুক্তিযোদ্ধাদের সন্তানরা বৃত্তি প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন। এজন্য পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

শর্ত-৬ : ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এই মর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ থাকতে হবে।

শর্ত-৭ : প্রাইভেট মেডিকেল কলেজ ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই।

আবেদনের সাথে সংযুক্তি বিষয়ক কাগজাদি

(ক) পাসপোর্ট সাইজের ০১(এক) কপি সত্যায়িত ফটো।

(খ) বিগত পরীক্ষাসমূহ পাশের মার্কসীট এর সত্যায়িত কপি।

(গ) পিতা ও মাতা উভয়ই বা যে কোন একজন জন্মসূত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা এ মর্মে প্রত্যয়নপত্র ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

(ঘ) আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়স্ক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

(ঙ) মুক্তিযোদ্ধা সন্তানদের পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি।

(চ) ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এইমর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।